দূরভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা
কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -                                        তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ০৭                    সময়ঃ বেলা  ২ টা
তাং - ৩১।১২।২০১৫               স্থানঃ পৌরসভা সভা কক্ষ

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (৫ নং)কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন সংক্রান্ত।
(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৪) Standing Committee গঠন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৫) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৬) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়ক।
(৭) বিবিধ।

**উপস্থিতিঃ**

* পৌরপ্রধানঃ শ্রী রথীন ঘোষ
* উপ পৌরপ্রধানঃ শ্রী সুদীপ মিত্র

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

* শ্রীমতী ফরিদা বিবি
* মহঃ নজরুল ইসলাম
* মহঃ জুম্মান আলী
* শ্রীমতী মমতা রায় সেন
* শ্রী অমিত রায় চৌধুরী
* শ্রীমতী বর্ণালী দাস বিশ্বাস
* শ্রী পঙ্কজ কান্তি চন্দ
* শ্রীমতী মীরা দাস
* শ্রী সনৎ বিশ্বাস
* শ্রী অরবিন্দ মিত্র
* শ্রীমতী অন্তরা মজুমদার বিশ্বাস
* শ্রীমতী ষষ্ঠী বৈরাগী
* শ্রী সুশান্ত রায়
* শ্রী আশীষ মল্লিক
* শ্রীমতী রাধারানী দত্ত
* মহঃ আব্দুল মান্নান
* শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
* শ্রীমতী আত্রেয়ী গুহ
* শ্রী শ্যামল দাশগুপ্ত
* শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
* শ্রীমতী দীপান্বিতা দত্ত
* শ্রী নিমাই চন্দ্র ঘোষ
* শ্রীমতী সুতপা ব্যানার্জী
* শ্রীমতী সোমা মন্ডল

মধ্যমগ্রাম পৌরসভা উত্তর ২৪ পরগনা

অন্যান্য উপস্থিতিঃ শ্রী হিমাংশু প্রভ রায়-নির্বাহী আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

সভার শুরুতে বিরোধী দলনেতা শ্রী সনৎ বিশ্বাস মহাশয় বলেন বছরের শেষ দিনে আমরা সভায় মিলিত হয়েছি। পৌরসভায় কাজের ক্ষেত্রে বা আলোচনাতে কোন ভুল ত্রুটি থাকলে তা মনে না রাখার জন্য অনুরোধ করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং জিরো আওয়ারে কিছু জানার থাকলে বলতে অনুরোধ করেন।

জিরো আওয়ারে শ্রী সনৎ বিশ্বাস বলেন কর্মচারীদের উপস্থিতির বিষয়ে যে CIC সদস্য দায়িত্বে আছেন তিনি কর্মচারীদের সাথে উপস্থিতি সহ বিভিন্ন বিষয়ে যে ব্যবহার করছেন তাতে কর্মচারীরা ক্ষুব্ধ ও অপমানিত বোধ করছেন। বড়বাবু পদে একজন যোগদান করেছেন। স্বভাবতই তাকে দিয়ে ও কার্য্যনির্বাহী আধিকারিক কে দিয়ে উপস্থিতির দেখভাল করানো যেতে পারে।আরো বলেন ক্যাজুয়াল কর্মীদের বেতন বৃদ্ধিসহ সারা বছরে সবেতন কিছু দিনের ছুটি মঞ্জুর করলে তারা উপকৃত হবে। কারণ হিসাবে বলেন একদিন অসুস্থ হলে বা পরিবারের কেউ অসুস্থ হলে কাজে আসতে পারে না ফলে বেতন পায় না। বিষয়গুলি সম্বন্ধে পৌরপ্রধানের বক্তব্য জানতে চান।

মাননীয় পৌরপ্রধান রথীন ঘোষ মহাশয় বলেন বিষয়টি E.O. দেখেন। পৌরপ্রধান হিসাবে আমি Power বন্টনের মাধ্যমে কাজ চালাতে পারি।যিনি দেখছেন তাকে দেখতে বলা হয়েছে এই কারণে যে বেশ কয়েকজন কর্মী উপস্থিতির বিষয়ে সমস্যা করছেন।তিনি বলেন নির্দিষ্ট করে অভিযোগ জানালে পর আলোচনা করতে সুবিধে হবে।কর্মচারীদের বেতন বৃদ্ধির বিষয়ে বলেন নতুন বাজেট করার পর ঠিক করা হবে। সবেতন ছুটির বিষয়ে পরিকল্পনা চলছে বলে জানান।

শ্রী আশীষ মল্লিক প্রস্তাব দেন যে ওয়ার্ড গুলিতে ওয়ার্ড অফিস নেই সেখানে ওয়ার্ড অফিস করার পরিকল্পনা নেওয়া হোক।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ওয়ার্ড অফিস থাকা অত্যন্ত জরুরী কিন্তু জমির সমস্যা প্রধান কারণ বলে জানান। জমি চিহ্নিত করে কাউন্সিলররা জমা দিলে ব্যবস্থা নেওয়া হবে।

শ্রীমতী আত্রেয়ী গুহ বলেন পৌরএলাকার খেলার মাঠগুলিতে পৌরসভার পক্ষ থেকে আলোকিতকরণ করার ব্যবস্থা নিলে এলাকার মানুষজন উপকৃত হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন প্রস্তাবাকারে সংশ্লিষ্ট দপ্তরে জমা দেবেন। ব্যবস্থা নেওয়া হবে।

শ্রী অমিত রায়চৌধুরী জানতে চান ট্যাক্স-মিউটেশন ও বিল্ডিং প্ল্যানের ক্ষেত্রে সমস্যা দেখা দিলে কিভাবে সমাধান হবে ?

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন সরকারী সিদ্ধান্ত। মানতে হবে।এব্যাপারে আপনাদের চিঠি করে জানানো হয়েছে। দপ্তরের আধিকারিকরা প্রয়োজনীয় তদন্ত করে তারপর অনুমোদন দেবেন।

শ্রীমতী দিপান্বীতা দত্ত বলেন Class - V এ ভর্তি শুরু হচ্ছে। লটারী হয়েছে স্কুলে স্কুলে।যাদের নাম ওঠেনি তাঁদের অভিভাবকরা ছুটে বেড়াচ্ছেন। পৌরএলাকার সমস্ত বাচ্চারা যাতে ভর্তি হতে পারে পৌরসভাকে সেই ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন পর্যাপ্ত স্কুল আছে।সব বাচ্চাই ভর্তি হবে।লটারীতে নাম না উঠলে নির্দিষ্ট Form পূরণ করে D.I. অফিসে জমা করলে D.I. ভর্তি করানোর ব্যবস্থা নেবেন। এখন সমস্যা হচ্ছে সব অভিভাবকই নির্দিষ্ট কিছু স্কুলে ভর্তি করাতে চায়। সে ব্যাপারে অভিভাবকদের বোঝাতে হবে সব স্কুলই সমান।

শ্রী শ্যামল দাশগুপ্ত বলেন ট্যাক্স মিউটেশন FORM এ স্বাক্ষর না করার জন্য CDF তহবিলে টাকা জমা হচ্ছে না। ফলে COUNCILLOR FUND বাড়ানোর জন্য প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন নতুন বছরের বাজেট তৈরীর সময় বিবেচনা করা হবে।

শ্রী আশীস মল্লিক বলেন HOUSE FOR ALL LIST এ নাম নেই দেখে অনেকে আসছেন। তাদের কি হবে ?

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ভাড়াটিয়া হলে নাম উঠবে না। যদি FORM পূরণ করে জমা করে থাকে অথচ ওঠে নি তাদের ক্ষেত্রে বিবেচনা করা যেতে পারে।

শ্রী সনৎ বিশ্বাস প্রতিটি ওয়ার্ড অফিসের সাথে HEALTH CENTRE করার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ডাক্তার প্রয়োজন। কে দেবে ?

শ্রীমতী আত্রেয়ী গুহ বলেন চিরঞ্জিত পাল পুকুর ভরাট করছে প্রতিদিন অধিক রাতে। ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ইতিমধ্যে E.O. ব্যবস্থা নিয়েছেন। F.I.R. করা হয়েছে। পুকুর ভরাট জমিতে TAX/MUTATION/MULTISTORIED BUILDING এর অনুমোদন করা হবে না বলে জানান।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় গত সভার কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন এবং বলেন বিবিধ আলোচনার (i) নং অর্ডার এর Amount-26860.00 টাকার জায়গায় 46860.00 হবে।এটি সংশোধন করা হবে।

সভায় উপস্থিত সকল সদস্য কোনপ্রকার আপত্তি না জানানোয় গতসভার (৫ নং) কার্য্যবিবরনী মাননীয় পৌরপ্রধান প্রস্তাবিত সংশোধন সহ বাকী সমস্ত সিদ্ধান্ত অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

**(২) পরিকল্পনা ও উন্নয়ণ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-**

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত Tender গুলি Fund সহ অনুমোদিত হল।

(i) MM/Chair/1844/2015-16,Sl. No. 1,dt.19/09/15, Amount-Rs.420000/-, Fund:Own

(ii) MM/Chair/2015/1/2015-16, Sl. No. 1, dt. 14/10/15, Amount-Rs.114500/-, Fund:Own

(iii) MM/Chair/2177/1/2015-16,Sl. No. 1,dt.21/11/15,Amount-Rs498971/-, Fund:Central- 13th Finance (ADP 15-16)

(iv) MM/Chair/2177/1/2015-16,Sl. No. 2,dt. 21/11/15,Amount-Rs.499084/-, Fund:Central- 13th Finance (ADP 15-16)

(v) MM/Chair/2177/1/2015-16,Sl. No. 3,dt. 21/11/15,Amount-Rs.499732/-, Fund:Central- 13th Finance (ADP 15-16)

(vi) MM/Chair/2198/1/2015-16,Sl. No.1, dt. 27/11/15,Amount-Rs.256000/-, Fund:BSUP Phase 1 (Innovative Fund)

(vii) MM/Chair/2198/1/2015-16,Sl. No.2, dt. 27/11/15,Amount-Rs.383000/-, Fund:BSUP Phase 1 (Innovative Fund)

(viii) MM/Chair/2198/1/2015-16,Sl. No.3, dt. 27/11/15,Amount-Rs.357000/-, Fund:BSUP Phase 1 (Innovative Fund)

(ix) MM/Chair/2200/1/2015-16, Sl. No. 1Amount : Rs. 200000/-, Fund:OWN

(x) MM/Chair/2271/2015-16, Amount : Rs. 100000/-, Fund: MPLADS

(xi) MM/Chair/2018/NIT-04(e)/2015-16,Sl.No.4, dt. 15/10/2015, Amount : Rs. 2568644/- Fund: Minority Affairs and Madrasha

(xii) MM/Chair/2274/2015-16, dt. 08/12/15, Amount : Rs. 6000/-, Fund:Own

(xiii) MM/Chair/2377/NIT-04(e)/2015-16,Sl.No.1,dt.19/12/2015,Amount:Rs.1503362/- Fund:MPLADS

(xiv) MM/Chair/2377/NIT-04(e)/2015-16, Sl. No. 2, dt. 19/12/2015,Amount-Rs.600001/- Fund:MPLADS

(xv) MM/Chair/2377/NIT-04(e)/2015-16, Sl. No. 3, dt. 19/12/2015,Amount-Rs.1457528/- Fund:MPLADS

(xvi) MM/Chair/2377/NIT-04(e)/2015-16, Sl. No. 4, dt. 19/12/2015,Amount-Rs.6187847/- Fund:Tribal Development Department

(xvii) MM/Chair/2377/NIT-04(e)/2015-16, Sl. No. 5, dt. 19/12/2015,Amount-Rs.2972090/- Fund:MPLADS

(xviii) MM/Chair/2377/NIT-04(e)/2015-16, Sl. No. 6, dt. 19/12/2015,Amount-Rs.912811/- Fund:Dept. of Sports (G.O. No. 191(Sanction)-SP/P/2S-25/2015, dt. 29/10/15)

(xix) MM/Chair/2433/2015-16,Sl. No. 1 - 111, dt. 28/12/15, Fund: ADP 15-16

**(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-**

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রল্হাদ দত্ত মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) Tender No. MM/WS/NIT/Main/455/14-15, dt. 09/03/15 তে Sl. No. 10 এ রাস্তা পুনঃ সংস্কার বাবদ বাড়তি ব্যয় ৫৬৯১৬.০০টাকা এবং Sl. No. 15 তে রাস্তা পুনঃ সংস্কার বাবদ বাড়তি ব্যয় ৬০২৮৯.০০টাকা অনুমোদিত হল।

(২) ২৮নং ওয়ার্ডে BEUP প্রকল্পে গ্রীনপার্ক রজব আলী বাড়ীর সামনে থেকে রাজীব গান্ধী স্ট্যাচু ভায়া ডেন্টাল হাসপাতালের রাস্তা অবধি LED আলোয় আলোকিতকরনের উদ্দেশ্যে Tender No. MM/Chair/2018/2015-2016, dt. 15/10/15 তে e-Tender করা হয়েছিল। ঐ Tender এর কোন Application না পরার জন্য 30/11/2015 তে Tender কমিটির সভায় উক্ত Tender এর উপরোক্ত কাজটি বাতিল করিয়া বিধায়ক তহবিলের অর্থের শংসাপত্রের সদব্যবহার পত্র দাখিলের উদ্দেশ্যে কাজটি দ্রুততার সহিত করবার জন্য Tender No. MM/Chair/NIT/2193/15-16, dt. 30/11/2015 তে ৬,৯৪,১২০.০০ টাকা বিধায়ক তহবিল থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৩) Tender No. MM/EL/Chair/NIT/1927/15-16, dt. 03/10/2015 তে 2nd Phase এ ১১৫০৭০.০০ টাকা LED (7W) Lamp কেনার জন্য অনুমোদিত হল, যা OWN Source (2015 - 16) তে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৪) Solar Photovoltic Light System করার জন্য Tender No. MM/Chair/NIT/2260/15-16, dt. 07/12/2015 তে ৪,০০,০০০.০০ টাকা অনুমোদিত হল, যা অনুমোদিত BSUP - I থেকে দেওয়া হবে।

(৫) গত বছর তৈরী ৯ টি High Mast এর AMC এর জন্য Tender No. MM/EL/Chair/NIT/2382/15-16, dt. 19/12/2015 তে ১০৭১০০.০০ টাকা অনুমোদিত হল, যা পৌরতহবিল থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৬) ৫টি High Mast এর গিরি ব্রাদার্স এর পুননবীকরনের আবেদনের ভিত্তিতে আগামী বার্ষিক কাজের AMC এর জন্য আদেশনামা Tender No. MM/EL/WO/2319/15-16, dt. 11/12/2015 তে ৬০,০০০.০০ টাকা অনুমোদিত হল, যা পৌরতহবিল থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৭) শ্মশানের চুল্লীর গঠনগত কাজের জন্য Tender No. MM/EL/Chair/NIT/2320/15-16, dt. 11/12/2015 তে ৪,৭৭,৭৫০.০০ টাকা অনুমোদিত হল, যা অনুমোদিত M.A. Department থেকে প্রাপ্ত তহবিল থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(৮) দ্বিতীয় পর্যায়ে বিভিন্ন পার্কে ত্রিফলা পোলের মাধ্যমে আলোকিতকরন ও আলোকস্তম্ভ গুলি রং করার প্রয়োজনীয়তার জন্য যথাক্রমে নিম্নলিখিত Tender গুলি অনুমোদিত হল। যা OWN Source (14 - 15) থেকে ব্যয় করা হবে।

(i) MM/EL/Chair/NIT/2435/15-16, dt. 28/12/2015 তে Rs. 270000.00 টাকা

(ii) MM/EL/Chair/NIT/2436/15-16, dt. 28/12/2015 তে Rs. 69,400.00 টাকা

**(৪) Standing Committee গঠন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-**

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন Municipal Accounts Committee ও Standing Committee গঠন করা হবে। Accounts Committee তে ৬ জন এবং Standing Committee তে ৫ জন করে সদস্য মনোনীত হবেন।Accounts Committee তে ৪ জন এবং Standing Committee গুলিতে ৩ জন করে নাম প্রস্তাব করার পর প্রত্যেক কমিটিতে ২জন করে সদস্যের নাম দেওয়ার জন্য বিরোধী দলনেতাকে প্রস্তাব দেন।

সভায় উপস্থিত সকলে পৌরপ্রধানের প্রস্তাব সমর্থন করেন।

মাননীয় পৌরপ্রধানের প্রস্তাব ও বিরোধী দলনেতার প্রস্তাব সাপেক্ষে নিম্নলিখিত কমিটির সদস্যরা মনোনীত হলেনঃ-

**Accounts Committe র সদস্যরা হলেনঃ-**

- শ্রী পঙ্কজ কান্তি চন্দ
- শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
- মহঃ নজরুল ইসলাম
- শ্রী সুশান্ত রায়
- শ্রী সনৎ বিশ্বাস
- শ্রীমতী আত্রেয়ী গুহ

**Finance & Resource Mobilisation Standing Committe র সদস্যরা হলেনঃ-**

- শ্রী পঙ্কজ কান্তি চন্দ
- শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
- শ্রীমতী সুতপা ব্যানার্জী
- শ্রীমতী আত্রেয়ী গুহ
- শ্রী অমিত রায় চৌধুরী

**Solid Waste Management Standing Committe র সদস্যরা হলেনঃ-**

- মহঃ জুম্মান আলী
- মহঃ নজরুল ইসলাম
- শ্রীমতী মমতা রায় সেন
- শ্রী আশীষ মল্লিক
- শ্রীমতী দীপান্বিতা দত্ত

**Water Supply Standing Committe র সদস্যরা হলেনঃ-**

- শ্রী সুশান্ত রায়
- মহঃ আব্দুল মান্নান
- শ্রীমতী সোমা মন্ডল
- শ্রী শ্যামল দাশগুপ্ত
- শ্রী আশীষ মল্লিক

Public Works Standing Committe র সদস্যরা হলেনঃ-

- ✷ শ্রী পঙ্কজ কান্তি চন্দ
- ✷ শ্রী সুশান্ত রায়
- ✷ শ্রীমতী মমতা রায় সেন
- ✷ শ্রী সনৎ বিশ্বাস
- ✷ শ্রীমতী অন্তরা মজুমদার বিশ্বাস

Health Education & UPE Standing Committe র সদস্যরা হলেনঃ-

- ✷ শ্রীমতী রাধারানী দত্ত
- ✷ শ্রীমতী ষষ্ঠী বৈরাগী
- ✷ শ্রীমতী বর্ণালী দাস বিশ্বাস
- ✷ শ্রীমতী দীপান্বিতা দত্ত
- ✷ শ্রীমতী অন্তরা মজুমদার বিশ্বাস

Public Health & Sanitaion Standing Committe র সদস্যরা হলেনঃ-

- ✷ শ্রী কিশোর কুমার রায়
- ✷ শ্রীমতী ফরিদা বিবি
- ✷ শ্রীমতী মীরা দাস
- ✷ শ্রী শ্যামল দাশগুপ্ত
- ✷ শ্রী অমিত রায় চৌধুরী

**(৫) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-**

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী নিমাই চন্দ্র ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী প্রয়োজন ভিত্তিতে বানীকন্ঠ খাল , বাদুরোডের ধারের হাইড্রেন, কোঁড়া মেন ড্রেন এবং ৭,৮,৯ ও ২৫ নং ওয়ার্ডের মধ্যেকার হাইড্রেন (কুনি পর্যন্ত) পরিষ্কার করার ব্যবস্হা নেওয়া হবে। প্রয়োজনীয় ব্যয় পৌরতহবিল হতে করা হবে।

**(৬) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়কঃ**

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত কমার্শিয়াল বিল্ডিং প্ল্যানগুলি অনুমোদিত হলঃ-

৯২৬,৬৭৪,১৫৮৬,৮৫৮,৯৫৭,৯৪৮,৯৩৮,১৯৫৪,১০৩৩,১০৩৪,৮০৮,১০৬৪,১০৯০, ৮২০,৯৩১,৮৭০,৯৪৯

**(৭) বিবিধঃ**

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গুলি গৃহীত হলঃ-

(১) সরকারী আদেশনামা 1322/DLB/Misc./2015, Dated, Kolkata, the 6th Nov. 2015 অনুযায়ী পৌরসভায় কর্মরত সকল স্থায়ী মহিলা কর্মচারী তাঁর চাকরী জীবনে সর্বাধিক ৭৩০ দিন Child Care Leave নিতে পারবেন।

(২) সরকারী আদেশনামা 82(300)/MA/N/C-2/1G - 10/2005, Dated, Kolkata, the 29th December , 2015 অনুযায়ী পৌরসভায় কর্মরত সকল স্থায়ী কর্মচারীরা ১লা জানুয়ারী, ২০১৬ হতে আরো অতিরিক্ত ১০% (দশ শতাংশ) করে অর্থ্যাৎ Basic Pay -র ৭৫% হারে মহার্ঘ্য ভাতা পাবেন।

(৩) Reliance Jio Infocom Limited এর গত ২৯.০৯.২০১৫ তারিখের আবেদনের ভিত্তিতে তাদেরকে দপ্তরগত ভাবে প্রয়োজনীয় কাগজপত্রাদি পর্যবেক্ষন করার পর ২৮ নং ওয়ার্ডের নাগরিক স্বপন দাসের বাড়ীর (Holding No. 201/A, মাইকেলনগর) ছাদে 4G Tower বসানোর অনুমতি দেওয়া হল।

(৪) AMRUT প্রকল্প , স্বচ্ছ ভারত অভিযান এবং House For All প্রকল্প বাস্তবায়নের জন্য পৌরনিয়মানুযায়ী প্রত্যেকটি প্রকল্পের আলাদা আলাদা করে Bank Account খোলার সিদ্ধান্ত গৃহীত হল।

(৫) দরপত্র আহ্বান করে নিম্নলিখিত order এর মাধ্যমে যে সমস্ত দ্রব্য ক্রয় করা হয়েছিল তাহা তহবিলসহ অনুমোদিত হল।

(i) MM/2282/Office Stn./42/2015-16, dt. 23/11/2015,Amount: 72600.00
Fund : Entertainment Tax Fund (Stationary Charges) 2015 - 16

(ii) MM/2283/Conservancy/18/2015-16,dt.23/11/2015, Amount: 26250.00
Fund: WBEGS (2015-16)

(iii) MM/2284/Conservancy/19/2015-16,dt. 23/11/2015,Amount: 48000.00
Fund: WBEGS (2015-16)

(iv) MM/2286/Office Stn./43/2015-16, dt. 02/12/2015,Amount : 27756.00
Fund : Entertainment Tax Fund (Stationary Charges) 2015 - 16

(v) MM/2289/Tubewell/16/2015-16, dt. 05/12/2015, Amount : 35910.00
Fund : ADP 2015-16 (Own Source)

(vi) MM/2290/Tubewell/17/2015-16, dt. 05/12/15, Amount : 32556.00
Fund : ADP 2015-16 (Own Source)

(vii) MM/2291/Vehicles/1/2015-16, dt. 07/12/2015, Amount : 261240.00
Fund : Vehicle Repair & Maintenance (Own Fund 2015-16 )

(viii) MM/2292/Vehicles/2/2015-16, dt. 07/12/2015, Amount : 257160.00
Fund : Vehicle Repair & Maintenance (Own Fund 2015-16 )

(ix) MM/2293/Tubewell/18/2015-16, dt. 07/12/2015, Amount : 53900.00
Fund : ADP 2015-16 (Own Source)

(x) MM/2235/Office Stn./45/2015-16, dt. 15/12/15, Amount : 25745.00
Fund : Own Fund 2015-16

(xi) MM/2236/Garden/05/2015-16, dt. 15/12/15, Amount : 27355.00
Fund : Own Fund 2015-16

(xii) MM/2297/Conservancy/17/2015-16, dt. 18/12/15, Amount : 75000.00
Fund : WBEGS 2015 - 16

(xiii) MM/2298/Office Stn./46/2015 - 16, dt. 19/12/2015, Amount : 42160.00
Fund : Entertainment Tax Fund (Stationary Charges) 2015 - 16

(xiv) MM/2299/PWD/05/2015-16, dt. 21/12/2015, Amount : 84823.00
Fund : ADP Own Fund 2015-16

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্হিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ____________________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং _________
এর নিকট প্রেরিত হল।